# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।
### (সাধারণ ও সংস্থাপন শাখা)
**www.supremecourt.gov.bd**

বিজ্ঞপ্তি নম্বর: ১৫/২০২৫ জি,এস, তারিখ: ০৭ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের গত ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির (বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৫) প্রেক্ষিতে **'ব্যক্তিগত কর্মকর্তা'** পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রাথমিক বাছাই (MCQ) পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| প্রাথমিক বাছাই পরীক্ষার তারিখ ও বার | সময় | পরীক্ষার কেন্দ্র |
|---|---|---|
| ১৫/১১/২০২৫ খ্রি.<br>শনিবার | বিকাল-৩:০০ ঘটিকা<br>হতে ৩:৪০ ঘটিকা পর্যন্ত | বাংলাদেশ সুপ্রীম কোর্ট |

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে আগামী ১১/১১/২০২৫ খ্রি. তারিখে প্রদর্শন করা হবে।

**প্রাথমিক বাছাই পরীক্ষা সম্পর্কিত নির্দেশনা ঃ**

১. প্রাথমিক বাছাই পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বল পেন দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।
২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীকে http://supremecourt.teletalk.com.bd লিংক হতে ইতোমধ্যে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করে রঙিন প্রিন্ট দিয়ে সঙ্গে আনতে হবে।
৩. পরীক্ষার কেন্দ্রে বই, ব্যাগ, মোবাইল ফোন, হাতঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস বা যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কোনো পরীক্ষার্থী উল্লিখিত জিনিসপত্র সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
৫. নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রের সংশ্লিষ্ট কক্ষে উপস্থিত থাকতে হবে।
৬. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
৭. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বা/-
মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ (ভাঃ)
ও
সভাপতি
'ব্যক্তিগত কর্মকর্তা' পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

স্মারক নং- ৯৭৮৬(৭) জি,এস, তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার (বিচার) হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা।
৩। অতিরিক্ত রেজিস্ট্রার......................(সকল)/স্পেশাল অফিসার হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৬। সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

CamScanner

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৮। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ, রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (উল্লেখ্য যে, প্রাথমিক বাছাই পরীক্ষার সময়সূচি সংক্রান্ত উপরোক্ত নোটিশটি http://supremecourt.teletalk.com.bd এ প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস পাঠানো ও প্রবেশপত্র ইস্যুকরণের অনুরোধসহ)।
৯। কোর্ট কীপার.............................................(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১০। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ডে প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো)।

মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন ২৬.১০.২৫
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ (ভাঃ)
ও
সভাপতি
'ব্যক্তিগত কর্মকর্তা' পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

CamScanner